ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০৩৩
ধর্মনগর, ৩০ জুলাই, ২০২৫

**ধর্মনগরে ৬১ জনের স্বেচ্ছা রক্তদান**

ধর্মনগরে আজ এক মেগা রক্তদান ও চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে জেলাশাসক কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত হয় এই রক্তদান শিবির। উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ রক্তদান শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, রক্তদান মহৎ দান। মুমুর্ষ রোগীদের জীবন বাঁচানোর জন্য যুব সমাজকে আরও বেশি করে রক্তদানে অংশ নেওয়ার জন্য তিনি আহ্বান জানান। এদিনের অনুষ্ঠানে ৬১ জন রক্তদান করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রাণী দাস সেন, উত্তর ত্রিপুরার জেলাশাসক চাঁদনী চন্দ্রন, ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মঞ্জু রাণী নাথ, জেলা পুলিশ সুপার অবিনাশ রাই, অতিরিক্ত জেলাশাসক বিজয় সিনহা, অতিরিক্ত জেলাশাসক এল ডার্লং, মুখ্য স্বাস্থ্য আধিকারিক ড. দীপক হালদার, ধর্মনগরের মহকুমা শাসক সজল দেবনাথ প্রমুখ।

******